

হরিনপালা পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমের উপর প্রতিবেদন

উপজেলা : ভান্ডারিয়া
জেলা : পিরোজপুর

ভূমিকা : হরিনপালা পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ ০১/১১/২০০০ খ্রি. তারিখের ০৮-পিডি নম্বরে নিবন্ধন লাভ করে। সমিতিটির অফিস গৃহ ভান্ডারিয়া উপজেলার হরিনপালা নামক গ্রামে। বিগত ০৯/০৮/২০২১খ্রি. তারিখে বর্তমান ১২ সদস্যের ব্যবস্থাপনা কমিটি নির্বাচিত হয়ে অত্যন্ত দক্ষতার সহিত পরিচালনা করছে। সমিতিটির সভ্য নির্বাচনী ও কর্ম এলাকা হরিনপালা ও জুনিয়া গ্রাম ব্যাপী। সমিতির বর্তমান সদস্য সংখ্যা ৭৬০ জন।

সমবায়ের লক্ষ্য ও উদ্দেশ্য: নিবন্ধিত উপ-আইনের বিধান অনুযায়ী সামগ্রিকভাবে সংগঠনকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলার জন্য সদস্যদের নিয়মিত সঞ্চয়ে উৎসাহ দেয়া, শেয়ার সঞ্চয় আদায়ের মাধ্যমে পুঁজি গঠন করে কর্মসংস্থান সৃষ্টি, মূলধনের সঠিক ও সর্বাধিক ব্যবহার নিশ্চিত করে সদস্যদের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন, নিরাপত্তা বিধান এবং বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সমবায়ের মূল উদ্দেশ্য। বর্তমানে ব্যবস্থাপনা কমিটি সমবায়ের উদ্দেশ্যসমূহ পূরণকল্পে করে যাচ্ছে। তাদের উদ্যোগ সন্তোষজনক।

সমবায়ের কর্ম ও সভ্য নির্বাচনী এলাকা: সমবায়টির নিবন্ধিত উপ-আইনের ৬নং ধারা অনুসারে সমবায়টির সভ্য নির্বাচনী ও কর্ম এলাকা হরিনপালা ও জুনিয়া গ্রামের মধ্যে সীমাবদ্ধ।

সমিতির অর্থনৈতিক অবস্থা : সমিতির উপ-আইন খানা সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত-২০০২) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এবং নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সকল সার্কুলার ও আদেশ অনুযায়ী এর উপ-আইন নিবন্ধিত হয়েছে। সমবায় উপ-আইন সংরক্ষিত আছে। সমিতির রেকর্ডপত্রসহ যাবতীয় হিসাব সমিতির ব্যবস্থাপনা কমিটির তত্ত্বাবধানে সঠিক ও নির্ভুলভাবে সংরক্ষণ করা হয়। হিসাব সংরক্ষণে কমিটির অবদান প্রশংসনীয়। সমিতির প্রতিষ্ঠাকাল থেকেই সমিতির পুঁজি গঠন সম্পদ বৃদ্ধির জন্য নিরলসভাবে দায়িত্ব পালন করে আসছেন। সমিতির নিবন্ধিত উপ-আইনের ১৭/(১) ধারা অনুযায়ী অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ১,০০,০০,০০০/- টাকা। পরিদর্শন তারিখ পর্যন্ত সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৩,৬৪,৭২০/- টাকা ও সঞ্চয় আমানতের পরিমাণ ৪,৫৯,৯৩৭/-।

আইন কানুন প্রতিপালন পরিস্থিতি : সমবায় সমিতিটি আইন কানুন প্রতিপালনে যথেষ্ট সচেতন। বিশেষ করে সমবায় সমিতি আইন ২০০১, সমবায় বিধিমালা, ২০০৪ ও সমবায় দপ্তর হতে জারিকৃত সমবায় সংক্রান্ত সরকারি আদেশ/নির্দেশ প্রতিপালনে সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটি খুবই শ্রদ্ধাশীল এবং সদস্যদের প্রতিপালনে উৎসাহিত করেন। সমবায় আদর্শ ও নীতি যথাযথভাবে অনুসরণ করে সমিতির কার্যক্রম পরিচালনা করেন এবং সদস্যদের অনুসরণে উৎসাহিত করেন। সমবায়টিতে তাঁর প্রচেষ্টায় সকল বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা ও ব্যবস্থাপনা কমিটির সভায় উল্লেখযোগ্য হারে সমবায়ীরা উপস্থিত হন।

উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম : সমিতিটির উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম বেশ ভালোভাবে এগিয়ে চলছে। ২০০০ সাল থেকে যাত্রা শুরু করে দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র বিমোচনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। সদস্যদের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে সমিতির নিজস্ব মূলধন বিনিয়োগে স্থানীয়ভাবে আয়বর্ধনমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সমবায়টি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। সমবায়ীগণ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট থেকে সমবায় ব্যবস্থাপনা ও নেতৃত্ব সৃষ্টির বিষয় প্রশিক্ষণ গ্রহণ করে প্রশিক্ষণ লব্ধ জ্ঞান অনুযায়ী সমিতির কার্যক্রম পরিচালনা করে থাকেন। সমিতির সদস্যদেরকে সমবায় সমিতি গঠনের লক্ষ্য, উদ্দেশ্য, সমবায় সমিতি আইন ও বিধিমালাসহ সমবায় নেতৃত্ব ও ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ দিয়ে থাকেন। সমিতির সদস্য বৃদ্ধি পেয়ে বর্তমানে সদস্য সংখ্যা ৭৬০ জন।

কর্মসংস্থান/স্ব-কর্মসংস্থান : বর্তমান ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে সমিতিতে বিভিন্ন ট্রেডে ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। বর্তমানে সমিতিতে ০১ জন বেতন ভুক্ত কর্মচারী এবং ৫৫০ জন সদস্যের স্ব-কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হয়েছে। কর্মচারীদের মধ্যে শৃংখলা বোধ ও নৈতিকতা সৃষ্টিতে সমিতির ভূমিকা প্রশংসনীয়। সমবায়টির সাধারণ সদস্য ও কর্মচারীদের মধ্যে সুশৃংখলভাবে কার্যপরিচালনায় ব্যবস্থাপনা কমিটির ভূমিকা অনস্বীকার্য। সমিতির উন্নয়নমূলক কর্মকান্ডের মধ্যে ০৪ টি স্লুইচ গेट নির্মাণ এবং ১০ কি. মি. বেরিবীধ তৈরি করার ফলে সংশ্লিষ্ট এলাকার কৃষির উন্নতি হয়েছে। উৎপাদন বৃদ্ধিতে কর্মচারীদের এবং প্রকল্পভুক্ত সদস্যদের প্রশিক্ষণ দেওয়া হয়।

অন্যান্য কর্মকান্ড : এলাকার শিক্ষা, চিকিৎসা, বৃক্ষরোপন, স্যানিটেশন ও পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নে সমবায়টি বলিষ্ঠ ভূমিকা পালন করে থাকে। সমবায় আন্দোলন বেগবান করার লক্ষ্যে সমবায়টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। প্রতি বছর জাতীয় সমবায় দিবসে সমবায় র্যালী আলোচনা সভায় অংশগ্রহণ করে থাকেন। এক কথায় বলা যায় সদস্যদের আত্মকর্মসংস্থান অর্জনে সমিতির ভূমিকা অনস্বীকার্য।